

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল
একাডেমিক কাউন্সিল
(রেজুলেশন)

গত ২৬/০৭/২০২২ খ্রি. রোজ মঙ্গলবার, একাডেমিক কাউন্সিলের সভা অধ্যক্ষ প্রফেসর মোঃ আসাদুজ্জামান এর সভাপতিত্বে এবং সকল সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়।
সভার এজেন্ডাসমূহ

- অনার্স ২য় বর্ষের নির্বাচনী পরীক্ষা, উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের সমাপনী অনুষ্ঠান, অনার্স শ্রেণির ল্যাব., শিক্ষা সফর একাউন্ট খোলা, অনার্স শ্রেণির কেন্দ্রীয় রুটিন, বন্টন নীতিমালা সংশোধন, অত্যাৱশ্যকীয় এবং খণ্ডকালীন ও অতিথি শিক্ষকদের নিয়োগ প্রতিবেদন, কর্মচারীদের বেতন বৃদ্ধি ও অনার্স ৩য় বর্ষের আহবায়কের দরখাস্ত বিবেচনা।

(১) অনার্স ২য় বর্ষের রাষ্ট্রবিজ্ঞান (নন-মেজর) ও ইংরেজি (আৱশ্যিক) কোর্সের নির্বাচনী পরীক্ষা-২০২১ যথাক্রমে ০৭/০৮/২০২২ ও ১৬/০৮/২০২২ তারিখ দুপুর ১:০০ টায় এবং অন্যান্য পরীক্ষাসমূহ ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে একই সময়ে অনুষ্ঠিত হবে।

(২) উচ্চ মাধ্যমিক ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষা সমাপনী অনুষ্ঠান ২৯/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। রওশান জাহান ছাত্রী নিবাসের হোস্টেল সুপার জনাব আব্দুল্লাহ-আল-মামুন সার্বিক বিষয়ে তত্ত্বাবধান করবেন।

(৩) স্নাতক (সম্মান) শ্রেণির জন্য প্রণীত কেন্দ্রীয় রুটিন ০১/০৮/২০২২ তারিখ হতে কার্যকর হবে।

(৪) বিজ্ঞান বিভাগের ল্যাবরেটরি ফি ব্যাংক হিসাব আলাদা না করে সেমিনার ফাণ্ডে জমা রাখতে পারবে এবং প্রয়োজনে আলাদা হিসাবও খুলতে পারবে। তবে শিক্ষা সফর ফি জমা রাখার জন্য আলাদা ব্যাংক হিসাব খুলতে হবে।

(৫) বিগত ২০২১-২০২২ অর্থবছরের সেমিনার ফাণ্ডের আয় ব্যয়ের হিসাব ব্যাংক বিবরণীসহ ১০/০৮/২০২২ তারিখের মধ্যে উপাধ্যক্ষ মহোদয়ের নিকট জমা দিতে হবে।

(৬) বিগত পরীক্ষা কমিটির হিসাব পরবর্তী একাডেমিক কাউন্সিলের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চাহিদা মোতাবেক বিভাগীয় প্রধানগণ প্রতিমাসে গৃহীত ক্লাস সংখ্যা প্রত্যয়নপত্র একাডেমিক কাউন্সিলের মাসিক সভায় প্রদান করবেন।

(৮) কলেজের পারিভৌমিক বন্টন নীতিমালা কমিটির সুপারিশ মোতাবেক সংশোধনীসমূহ নিম্নরূপ-

** শিক্ষক পরিষদ সম্পাদক পাবলিক ও অভ্যন্তরীণ পরীক্ষার মোট শিফটের ৫০ শতাংশ ডিউটির সম্মানী প্রাপ্য হবেন। তবে তা সর্বাধিক ০৭ (সাত) শিফটের অধিক নয়। ভগ্নাংশ হলে পরবর্তী পূর্ণ সংখ্যা গণ্য হবে।

** অধ্যক্ষের পিয়ন, উপাধ্যক্ষের পিয়ন ও গাড়ির ড্রাইভার গড় হার ১.২৫% এবং ঘণ্টা বাদক ১.৫০% প্রাপ্য হবে।

(৯) উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী (পাস) এর সকল ব্যবস্থাপনা ফি বন্টনে কলেজের বিদ্যমান বন্টন নীতিমালা অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয় (ইদানিং কিছু ক্ষেত্রে বন্টন নীতিমালা অনুসৃত না হওয়ায়)।


(১০) কলেজের খণ্ডকালীন ও অতিথি শিক্ষক নিয়োগ সংক্রান্ত কমিটির প্রতিবেদন বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

(১১) মাস্টাররোল কর্মচারীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত কমিটির প্রতিবেদন মোতাবেক ৬-৮% বেতন বৃদ্ধি করা হবে। সকল মাস্টাররোল কর্মচারীর বেতন অত্যাৱশ্যকীয় তহবিল থেকে প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(১২) কলেজে অত্যাৱশ্যকীয় কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত হয়।


(১৩) কলেজের কেন্দ্রীয় তহবিল হতে ইতিপূর্বে গৃহীত শিক্ষা সফর ফি বিভাগসমূহের শিক্ষা সফর তহবিলে স্থানান্তর করা হবে।

(১৪) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা কমিটি ২০২০ এর আহবায়ক জনাব শরীফ মোর্শেদ রেজা, সহযোগী অধ্যাপক, রসায়ন-এর আবেদনের প্রেক্ষিতে হিসাব নং-৩২১০০১০০১৭২৯৬ (অভ্যন্তরীণ পরীক্ষা তহবিলে) এ জমাদানকৃত অতিরিক্ত ১৩০০০/- (তের হাজার) টাকা কমিটিকে প্রদান করে সমন্বয়ের সিদ্ধান্ত হয়।


অধ্যক্ষ ২৭/০৮/২০২২

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

প্রফেসর মোঃ আসাদুজ্জামান (৩৩৯৭)
অধ্যক্ষ
বরিশাল সরকারি মহিলা কলেজ
বরিশাল


উপাধ্যক্ষ ২৭/০৮/২০২২

ও

সদস্য সচিব

একাডেমিক কাউন্সিল

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

প্রফেসর মোসাদ্দেক হালদা বেগম (৭১৬৫)
উপাধ্যক্ষ ২০
বরিশাল সরকারি মহিলা কলেজ
বরিশাল।